

ভর্তি বন্ধ করে দিয়েছে ছাত্রলীগ

কুষ্টিয়া সংবাদদাতা

কুষ্টিয়া সরকারি কলেজের এইচএসসি ভর্তি প্রক্রিয়া বন্ধ করে দিয়েছে ছাত্রলীগ। সোমবার সকালে ভর্তি শুরু হওয়ার কিছুক্ষণের মধ্যে দলীয় কোটার দাবিতে ছাত্রলীগের কলেজ শাখার সভাপতি রাজনের নেতৃত্বে বহিরাগত ক্যাডাররা ভর্তি প্রক্রিয়া বন্ধ করে দেয়। অন্যদিকে ভর্তি বাণিজ্য রেখে সুশীল সমাজের নেতারা সোচ্চার হয়ে উঠেছে। সুশীল সমাজের প্রতিনিধিরা ভর্তি বাণিজ্য বন্ধের জন্য এর আগে অধ্যক্ষ প্রফেসর কাদের ঘসাইন চৌধুরীর সঙ্গে বৈঠক করেছেন। ছাত্ররা জানান, ভর্তি বাণিজ্য নিয়ে ছাত্রলীগ দুই ভাগে বিভক্ত হয়ে গেছে। ছাত্রলীগ কলেজ শাখার সভাপতি রাজনের নেতৃত্বাধীন গ্রুপ কোটার দাবিতে ভর্তি বন্ধ করে দিয়েছে, অন্যদিকে সাধারণ সম্পাদক মানুনের নেতৃত্বাধীন গ্রুপ ভর্তি সূত্র প্রক্রিয়ায় অনুষ্ঠিত করার জন্য অধ্যক্ষকে চাপের মুখে রেখেছে। জাসদ ছাত্রলীগ ও ছাত্রমন্ত্রীর নেতারা অধ্যক্ষের সঙ্গে দেখা করে সঠিকভাবে ভর্তি করার জন্য অনুরোধ জানিয়েছেন। ২৯ জুন এইচএসসি ভর্তির জন্য মেখার ভিত্তিতে মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা টাঙ্গিয়ে দেয়া হয়। ৩০ জুন থেকে মেধাতম অনুমায়ী ভর্তি শুরু হয়। সোমবার মেধা তালিকায় অবস্থানকারীদের ভর্তির শেষদিন ছিল। মানবিক, বিজ্ঞান ও বাণিজ্য শাখায় সোমবার পর্যন্ত ৩০০ আসন ফাঁকা ছিল। এ আসনগুলোতে ছাত্রলীগের এক গ্রুপ ভর্তি বাণিজ্য করার জন্য ভর্তি প্রক্রিয়া বন্ধ করে দিয়েছে। যেসব শিক্ষার্থী ভর্তির জন্য ক্যাম কাউন্টারে টাকা জমা দিয়েছিল তাদেরও অঙ্কের মুখে ছাত্রলীগ ক্যাডাররা সেই টাকা ফেরত নিতে বাধ্য করে। কলেজ কর্তৃপক্ষ র্যাব ও পুলিশের উপস্থিতিতে ভর্তি করানোর চেষ্টা করলেও কিছুক্ষণ পর তাদের সে চেষ্টাও ব্যর্থ হয়। ভর্তি বন্ধ করে দিতে বাধ্য হয় কলেজ প্রশাসন। এ ব্যাপারে কুষ্টিয়া সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর কাদের ঘসাইন চৌধুরী জানান, সঠিক উপায়ে ভর্তি করার চেষ্টা করা হচ্ছে। পরিস্থিতি এখন অনুকূলে না থাকার কারণে ভর্তি প্রক্রিয়া বন্ধ রাখা হয়েছে।



কুষ্টিয়া
সরকারি
কলেজ